নবম-দশম শ্রেণি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

অধ্যায়-২ : কম্পিউটার ও কম্পিউটার ব্যবহারকারীর নিরাপত্তা

# MCQ

১। কম্পিউটারকে সচল ও গতিশীল রাখার জন্য কি ব্যবহার করতে হবে?
ক. রেজিস্ট্রি ক্লিন আপ
খ. রেজিস্ট্রি সফটওয়্যার
গ. ক্লিন আপ
ঘ. ক্লিনার
উত্তর: ক. রেজিস্ট্রি ক্লিন আপ

২। রেজিস্ট্রি ক্লিনআপ সফটওয়্যার ব্যবহার করতে হবে কম্পিউটারকে-
i. আপডেট রাখার জন্য
ii. রর. সচল রাখার জন্য
iii. ররর. গতিশীল রাখার জন্য
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৩। রেজিস্ট্রি ক্লিনআপ ব্যবহার না করলে যে সমস্যা হবে-
i. যন্ত্রটি ঠিকভাবে কাজ করবে না
ii. যন্ত্রটি ধীরগতির হয়ে যাবে
iii. প্রসেসর নষ্ট হয়ে যাবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৪। কম্পিউটারের গতি কমে যাওয়ার কারণ হলো-
ক.  টেমপ্লেট ফাইল
খ. সিম্পল ফাইল
গ. মূল ফাইল
ঘ. টেম্পোরারি ফাইল
উত্তর: ঘ. টেম্পোরারি ফাইল

৫। টেম্পোরারি ফাইল তৈরি হলে কি হতে পারে-
ক.  ফ্লপি ড্রাইভের গতি কমে যাবে
খ. হার্ডডিস্কের অনেক জায়গা দখল হবে
গ. কাজের গতি বেড়ে যাবে
ঘ. ফাইল সংরক্ষণে কম সময় লাগবে
উত্তর: খ. হার্ডডিস্কের অনেক জায়গা দখল হবে

৬। টেম্পোরারি ফাইল মুছে ফেললে যা ঘটবে-
i. কম্পিউটার আর চালু হবে না
ii. কাজ করার গতি বেড়ে যাবে
iii. হার্ডডিস্ক খালি হবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৭। কম্পিউটারে টেম্পোরারি ফাইল তৈরি হলে যে অসুবিধা হবে-
i. হার্ডডিস্কের জায়গা কমে যাবে
ii. সফটওয়্যার ইনস্টল করা যাবে না
iii. কম্পিউটারের গতিকে ধীর করে দিবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

৮। প্রত্যেকবার কম্পিউটার ব্যবহার করার সময় বেশকিছু ফাইল তৈরি হয় তাদের কী বলে?
ক. tempt

খ. autorun
গ. recyclebin
ঘ. temporary
উত্তর: ঘ. temporary

৯। কোন ফাইলগুলো কম্পিউটারের গতিকে কমিয়ে দেয়?
ক. মেমোরি
খ. টেম্পোরারি ফাইল
গ. ওয়ার্ড ফাইল
ঘ. ইন্টারনেট ব্রাউজার
উত্তর: খ. টেম্পোরারি ফাইল

১০। ইদানিং কি ছাড়া আইসিটি যন্ত্র ব্যবহার কল্পনা করা যায় না?
ক. মোবাইল
খ. রেডিও
গ. টেলিভিশন
ঘ. ইন্টারনেট
উত্তর: ঘ. ইন্টারনেট

১১। ইন্টারনেট ব্যবহার করতে প্রয়োজন হয়-
ক. ক্যামেরা
খ. ব্রাউজার
গ. মোবাইল
ঘ. ইন্টারনেট
উত্তর: খ. ব্রাউজার

১২। ইন্টারনেট ব্যবহার করলে কম্পিউটারের ক্যাশ মেমোরিতে জমা হয়-
i. কুকিজ
ii. টেম্পোরারি ফাইল
iii. আপডেট ফাইল
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১৩। কিসের ব্যবহার ছাড়া বর্তমানে আইসিটি ডিভাইস ব্যবহার করা মারাত্মক ঝুঁকিপূর্ণ-

i. এন্টি ভাইরাস
ii. এন্টি স্পাইওয়্যার
iii. এন্টি ম্যালওয়্যার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

১৪। আইসিটি যন্ত্রের রক্ষণাবেক্ষণ করতে হবে যদি একে-
i. সচল রাখতে চাই
ii. কিছুদিন ব্যবহার করতে চাই
iii. পূর্ণমাত্রায় কার্যক্ষম রাখতে চাই
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

১৫। হালনাগাদ আইসিটি যন্ত্র ব্যবহার করার জন্য অবশ্যই প্রয়োজন-
i. ইন্টারনেট
ii. এন্টিভাইরাস
iii. ডিস্ক ক্লিনআপ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

১৬। কখন অপারেটিং সিস্টেমের আপডেট স্বয়ংক্রিয়ভাবে হয়?
ক. প্রতিদিন ব্যবহার করলে
খ. ইন্টারনেট বন্ধ থাকলে
গ. ইন্টারনেট সংযোগ থাকলে
ঘ. বদলালে
উত্তর: গ. ইন্টারনেট সংযোগ থাকলে

১৭। এন্টি ভাইরাস ব্যবহারের পূর্বে কোন বিষয়টি নিশ্চিত হওয়া প্রয়োজন?
ক. নতুন কেনা কি-না
খ. এর মেয়াদ
গ. হালনাগাদ এন্টিভাইরাস কি-না
ঘ. ইন্টারনেট থেকে ডাউনলোড করা হয়েছে কি-না
উত্তর: গ. হালনাগাদ এন্টিভাইরাস কি-না

১৮। এন্টি ভাইরাস কী?
ক. সফটওয়্যার ও প্রোগ্রাম
খ. প্রোগ্রামিং ভাষা
গ. হার্ডওয়্যার
ঘ. ট্রাবলশুটিং
উত্তর: ক. সফটওয়্যার ও প্রোগ্রাম

১৯। কোথায় বিনামূল্যে এন্টি ভাইরাস পাওয়া যায়?
ক. ওয়েবসাইটে
খ. মেমোরিতে
গ. ইন্টারনেটে
ঘ. দোকানে
উত্তর: গ. ইন্টারনেটে

২০। ডিস্ক ডিফ্র্যাগমেন্টার কী কাজে ব্যবহার করা হয়?
ক. হার্ডডিস্কের জায়গা পূর্ণ করতে
খ. টেম্পোরারি ফাইল তৈরি করতে
গ. কম্পিউটারের কাজের গতি বাড়াতে
ঘ. কাজের গতি কমাতে
উত্তর: গ. কম্পিউটারের কাজের গতি বাড়াতে

২১। কম্পিউটারের কাজ করার গতি বজায় রাখার জন্য ব্যবহার করা হয়-
i. ডিস্ক ক্লিনআপ
ii. ম্যালওয়্যার
iii. ডিস্ক ডিফ্র্যাগমেন্টার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

উত্তর: খ. i ও iii

* নিচের উদ্দীপকটি পড়ে ২টি প্রশ্নের উত্তর দাও :
পলাশ সাহেব দেখছেন কয়েকদিন ধরে তার কম্পিউটার হঠাৎ বন্ধ হয়ে যায় আবার চালু হয়। আরও লক্ষ্য করলেন কম্পিউটারটির কাজের গতিও কমে গেছে। তার মনে পড়লো বন্ধুর পেনড্রাইভ থেকে একটি গান কপি করার পর থেকে এটা শুরু হয়েছে।

২২। কম্পিউটারের এ অবস্থার জন্য কোনটি দায়ী হতে পারে?
ক. এন্টি ভাইরাস সফটওয়্যার
খ. ভাইরাস সফটওয়্যার
গ. ইউটিলিটি সফটওয়্যার
ঘ. অপারেটিং সিস্টেম সফটওয়্যার
উত্তর: খ. ভাইরাস সফটওয়্যার

২৩। এর ফলে পলাশ সাহেবের কম্পিউটারে-
i. অপ্রত্যাশিত কোনো বার্তা প্রদর্শন করতে পারে
ii. রাখা ফাইলগুলোর আকার বেড়ে যেতে পারে
iii. মেমোরি কম দেখাতে পারে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

২৪। কম্পিউটারের রক্ষণাবেক্ষণের গুরুত্ব-
ক. খুবই অল্প
খ. কম
গ. অনেক
ঘ. অনেক বেশি
উত্তর: ঘ. অনেক বেশি

২৫। কম্পিউটারকে সচল ও কার্যক্ষম রাখতে কী করতে হবে?
ক. রক্ষণাবেক্ষণ
খ. নতুন কম্পিউটার কিনতে হবে
গ. কম্পিউটার সফটওয়্যার বদলাতে হবে
ঘ. রিপেয়ার করতে হবে
উত্তর: ক. রক্ষণাবেক্ষণ

২৬। বর্তমানে বেশির ভাগ কম্পিউটারে ব্যবহার করা হয় মাইক্রোসফট কোম্পানির অপারেটিং সিস্টেম যার নাম হলো-
ক. উইন্ডোজ
খ. ডস
গ. লিনাক্স
ঘ. ইউনিক্স
উত্তর: ক. উইন্ডোজ

২৭। সিডি, ডিভিডি বা পেন ড্রাইভ থেকে সফটওয়্যার ইনস্টল করতে গেলে কোন প্রোগ্রামটি প্রথমে চালু হয়?
ক. Restart
খ. Auto run
গ. Read me
ঘ. Setup
উত্তর: খ. Auto run

২৮। সফটওয়্যার ইনস্টল করতে হলে অবশ্যই দেখতে হবে-
i. হার্ডওয়্যার সেটিকে সাপোর্ট করে কি-না
ii. এন্টিভাইরাস সফটওয়্যারটি বন্ধ করা হয়েছে কি-না
iii. অ্যাডমিনিস্ট্রেটরের অনুমতি আছে কি-না
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

২৯। অপারেটিং সিস্টেমের রক্ষণাবেক্ষণে কী করতে হয়?
ক. হালনাগাদ
খ. নতুন তৈরি
গ. রিপেয়ার
ঘ. আনইনস্টল
উত্তর: ক. হালনাগাদ

* নিচের উদ্দীপকটি পড়ে ২টি প্রশ্নের উত্তর দাও :

প্রমা এক বছর আগে একটি কম্পিউটার কিনেছিল। এক বছর যেতে না যেতেই কম্পিউটারটির গতি দিন দিন কমে যাচ্ছে। এর জন্য সে ভীষণ চিন্তায় পড়ে গেল। প্রমার বান্ধবী তাকে একটি সফটওয়্যার ব্যবহার করে কম্পিউটারের গতি বাড়ানোর পরামর্শ দিল।
৩০। প্রমার বান্ধবী তাকে কোন সফটওয়্যার ব্যবহারের পরামর্শ দিল?
ক. এমএস ডস
খ. এমএস-ওয়ার্ড
গ. ডিস্ক ক্লিনআপ
ঘ. উইন্ডোজ
উত্তর: গ. ডিস্ক ক্লিনআপ

৩১। কম্পিউটারের গতি কমে যাওয়ার কারণ হলো-
i. টেম্পোরারি ফাইল
ii. ভাইরাস
iii. কম্পিউটারটি পুরাতন হয়ে গেছে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

* নিচের উদ্দীপকটি পড়ে ২টি প্রশ্নের উত্তর দাও :
মাহমুদ সাহেব আইডিবি কম্পিউটার মার্কেট থেকে একটি এন্টি ভাইরাসের সিডি কিনল। এখন সে স্বাচ্ছন্দে কম্পিউটার ব্যবহার করতে পারে।
৩২। মাহমুদ সাহেব কেন সিডিটি কিনল?
ক. এটি তার খুব প্রিয় সিডি
খ. কারণ সে কম্পিউটার ব্যবহার করে
গ. কম্পিউটারে ইন্টারনেট চালানোর জন্য
ঘ. কম্পিউটারকে ভাইরাসের হাত থেকে রক্ষা করার জন্য
উত্তর: ঘ. কম্পিউটারকে ভাইরাসের হাত থেকে রক্ষা করার জন্য

৩৩। মাহমুদ সাহেব সফটওয়্যারটি ব্যবহারে যে উপকার পাবে-
i. টেম্পোরারি ফাইল তৈরিতে সহযোগিতা করবে
ii. কম্পিউটারের গতি বেড়ে যাবে
iii. ভাইরাস নির্মূল হবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii

গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৩৪। আইসিটি যন্ত্রগুলো মূলত কিসের মাধ্যমে পরিচালিত হয়?
ক. হার্ডওয়্যার
খ. বিদ্যুৎ
গ. সফটওয়্যার
ঘ. ব্যবহারকারী
উত্তর: গ. সফটওয়্যার

৩৫। সফটওয়্যার ব্যবহার করে কাজ করতে অবশ্যই কী করতে হবে?
ক. কিনতে হবে
খ. ডাউনলোড করতে হবে
গ. ইনস্টল করতে হবে
ঘ. আনইনস্টল করতে হবে
উত্তর: গ. ইনস্টল করতে হবে

৩৬। কম্পিউটারে কোন সফটওয়্যারটি সর্বপ্রথম ইনস্টল করতে হয়?
ক. অপারেটিং সিস্টেম সফটওয়্যার
খ. অ্যাপ্লিকেশন সফটওয়্যার
গ. মিডিয়া প্লেয়ার
ঘ. ইন্টারনেট ব্রাউজিং সফটওয়্যার
উত্তর: ক. অপারেটিং সিস্টেম সফটওয়্যার

৩৭। অপারেটিং সিস্টেম সফটওয়্যার ইনস্টল করার প্রক্রিয়াটি কীরূপ?
ক. সহজ
খ. সময়সাপেক্ষ
গ. জটিল
ঘ. ইনস্টল করা খুবই সহজ
উত্তর: গ. জটিল

৩৮। অপারেটিং সিস্টেম সফটওয়্যার ইনস্টল করতে সবচেয়ে বেশি কোনটির প্রয়োজন হয়?
ক. জ্ঞান
খ. সফটওয়্যার
গ. কম্পিউটার
ঘ. দক্ষতা
উত্তর: ঘ. দক্ষতা

৩৯। কোন যন্ত্রে সফটওয়্যার ইনস্টল করা সম্ভব?
ক. কম্পিউটার
খ. স্মার্টফোন
গ. ট্যাবলেট
ঘ. সবগুলো
উত্তর: ঘ. সবগুলো

৪০। অপারেটিং সিস্টেম সফটওয়্যার এর অন্য নাম হলো-
ক. প্রোগ্রামিং
খ. অ্যাপ্লিকেশন সফটওয়্যার
গ. সিস্টেম সফটওয়্যার
ঘ. ডেটাবেজ
উত্তর: গ. সিস্টেম সফটওয়্যার

৪১। অপারেটিং সিস্টেমের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ-
ক. পরিচালনা করা
খ. লেখালেখি করা
গ. হিসাব করা
ঘ. ব্যবস্থাপনা
উত্তর: ঘ. ব্যবস্থাপনা

৪২। ডিজিটাল কপির অপর নাম কী?
ক. ডিজিট কপি
খ. প্রোগ্রামিং কপি
গ. সফট কপি
ঘ. হার্ড কপি
উত্তর: গ. সফট কপি

৪৩। সফটওয়্যারের ডিজিটাল কপি কোথায় পাওয়া যায়?
ক. রেডিওতে
খ. ইন্টারনেটে
গ. টেলিভিশনে
ঘ.  কম্পিউটারে
উত্তর: খ. ইন্টারনেটে

৪৪। সফটওয়্যারের সফট কপি কীভাবে পাওয়া যেতে পারে?
ক. CD আকারে

খ. DVD আকারে
গ. পেনড্রাইভে
ঘ. সবগুলো
উত্তর: ঘ. সবগুলো

৪৫। সফটওয়্যারের ডিজিটাল কপি পাওয়া যায়🎗
i. কন্ট্রোল প্যানেলে
ii. সিডি আকারে
iii. ইন্টারনেটে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৪৬। প্রোগ্রাম ইনস্টল করার পর কোন কাজটি করা জরুরি?
ক. reopen
খ. Save
গ. restart
ঘ. Auto run
উত্তর: গ. restart

৪৭। সফটওয়্যার ইনস্টল করার জন্য কোন ধাপটি অনুসরণ করতে হয়?
ক. Restart করা
খ. setup ফাইলে ক্লিক করা
গ. ইন্টারনেট সংযোগ দেওয়া
ঘ. control panel এ প্রবেশ করা
উত্তর: খ. setup ফাইলে ক্লিক করা

৪৮। সফটওয়্যার আনইনস্টল করতে প্রথমে কোথায় যেতে হবে?
ক. windows বাটনে
খ. আনইনস্টল প্রোগ্রাম এ
গ. কন্ট্রোল প্যানেল
ঘ. সেটিংস
উত্তর: গ. কন্ট্রোল প্যানেল

৪৯। কখন সফটওয়্যার delete করার প্রয়োজন হয়?

ক. যখন সফটওয়্যারটি প্রয়োজন হয় না
খ. যখন uninstall এর মাধ্যমে সফটওয়্যারটি সম্পূর্ণ মুছে ফেলা যায় না
গ. যখন install করার দরকার হয়
ঘ. যখন পুনরায় install করার প্রয়োজন হয়
উত্তর: খ. যখন uninstall এর মাধ্যমে সফটওয়্যারটি সম্পূর্ণ মুছে ফেলা যায় না

৫০। Run কমান্ড চালু করতে কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Window + r
খ. Windows + B
গ. Windows + C
ঘ. Windows + D
উত্তর: ক. Window + r

৫১। সফটওয়্যার delete করার প্রক্রিয়ায় Run কমান্ডে গিয়ে কী লিখতে হয়?
ক. %temp%
খ. Predefined
গ. Temp
ঘ. regedit
উত্তর: ঘ. regedit

৫২। অপারেটিং সফটওয়্যার সাধারণত কোন ড্রাইভে থাকে?
ক. A
খ. B
গ. C
ঘ. D
উত্তর: গ. C

৫৩। তথ্য এবং উপাত্তের নিরাপত্তায় কি ব্যবহৃত হয়?
ক. পাসওয়ার্ড
খ. তালা
গ. ইন্টারনেট
ঘ. এন্টি ভাইরাস
উত্তর: ক. পাসওয়ার্ড

৫৪। পাসওয়ার্ড তৈরির ক্ষেত্রে কোন বিষয়টি খেয়াল রাখা জরুরি?
ক. পাসওয়ার্ডটি সহজ হয়
খ. পাসওয়ার্ডটি যেন মৌলিক হয়
গ. সহজে মনে রাখা যায়

ঘ. পাসওয়ার্ডটি ছোট হয়
উত্তর: খ. পাসওয়ার্ডটি যেন মৌলিক হয়

৫৫। পাসওয়ার্ড মূলত কোন কাজে ব্যবহার করা হয়?
ক. নিরাপত্তা রক্ষায়
খ. কম্পিউটার চালু করতে
গ. শখের বশে
ঘ. প্রয়োজনে
উত্তর: ক. নিরাপত্তা রক্ষায়

৫৬। কোনটি দ্বারা কম্পিউটার চালিত হয়?
ক. ভাইরাস
খ. ইন্টারনেট
গ. পাসওয়ার্ড
ঘ. সফটওয়্যার
উত্তর: ঘ. সফটওয়্যার

৫৭। পাসওয়ার্ড তৈরি করা একটি-
ক. সহজ কাজ
খ. জটিল কাজ
গ. কম সময়ের কাজ
ঘ. সৃজনশীল কাজ
উত্তর: ঘ. সৃজনশীল কাজ

৫৮। দুর্বল পাসওয়ার্ডের কারণে কোন সমস্যাটি হতে পারে?
i. তথ্য চুরি হতে পারে
ii. ভাইরাস আক্রমণ করতে পারে
iii. অন্যের তথ্য নষ্ট হতে পারে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

৫৯। মৌলিক পাসওয়ার্ড তৈরির ক্ষেত্রে কোনটি ব্যবহার করা উচিত?
ক. সংখ্যা
খ. চিহ্ন

গ. শব্দ
ঘ. সংখ্যা, শব্দ ও চিহ্নের মিশ্রণ
উত্তর: ঘ. সংখ্যা, শব্দ ও চিহ্নের মিশ্রণ

৬০। ই-মেইল পাসওয়ার্ড হিসেবে কোনটি ব্যবহার করা যায়?
ক. অক্ষর
খ. সংখ্যা
গ. #
ঘ. সবগুলো
উত্তর: ঘ. সবগুলো

৬১। জি-মেইল অ্যাকাউন্টটির নিরাপত্তা শক্তিশালী করা যায় কোন ব্যবস্থার মাধ্যমে?
ক. Account settings
খ. password
গ. 2-step verification
ঘ. 3-step verification
উত্তর: গ. 2-step verification

৬২। এন্টি ভাইরাসের কাজ হলো-
i. ভাইরাস uninstall করা
ii. ভাইরাস চিহ্নিত করা
iii. ভাইরাস প্রতিহত করা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৬৩। 2-step verification ব্যবস্থায় জি-মেইল থেকে মোবাইলে কী পাঠানো হয়?
ক. Security Code
খ. মোবাইল কোড
গ. পাসওয়ার্ড
ঘ. G-mail Code
উত্তর: ক. Security Code

৬৪। 2-step verification পদ্ধতি ব্যবহার করে-
i. জি মেইল

ii. ইয়াহু মেইল
iii. হট মেইল
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৬৫। মোবাইলে প্রাপ্ত জি-মেইল Security code টি কতবার ব্যবহার করা যাবে?
ক. এক বার
খ. দুই বার
গ. তিন বার
ঘ. বার বার
উত্তর: ক. এক বার

৬৬। সামাজিক সাইট ব্যবহার করার সময় নিচের কোন সতর্কতা মেনে চলা উচিত?
i. ব্যক্তিগত ছবি শেয়ার না করা
ii. ব্যবহার শেষে ogout করা
iii. অন্যের কম্পিউটার ব্যবহারের সময় সতর্ক থাকা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

৬৭। তথ্য প্রযুক্তির ব্যবহার কীরূপ হওয়া উচিত?
ক. কম
খ. বেশি
গ. বিনোদনে
ঘ. পরিমিত এবং প্রয়োজনীয়
উত্তর: ঘ. পরিমিত এবং প্রয়োজনীয়

৬৮। কম্পিউটার গেমস এর মাধ্যমে মানুষ কী ধরনের সুবিধা পায়?
ক. বিনোদন
খ. প্রয়োজন মিটানো
গ. প্রযুক্তির ব্যবহার

ঘ. সময়ের সদ্ব্যবহার
উত্তর: ক. বিনোদন

৬৯। কম্পিউটার বা ইন্টারনেটের ব্যবহার কখন ক্ষতির কারণ হতে পারে?
ক. ব্যবহার করলে
খ. ব্যবহারে বাড়াবাড়ি করলে
গ. ব্যবহার না করলে
ঘ. বেশি ব্যবহার করলে
উত্তর: খ. ব্যবহারে বাড়াবাড়ি করলে

৭০। কম্পিউটার গেমস কখন আসক্তিতে পরিণত হয়?
ক. সাধারণ ব্যবহার করলে
খ. কম্পিউটারে বসে খেললে
গ. রাতে খেললে
ঘ. ব্যবহারের তীব্রতা বেশি হলে
উত্তর: ঘ. ব্যবহারের তীব্রতা বেশি হলে

৭১। কম্পিউটার গেমসে আসক্তি প্রায় সময়েই কোন বয়সে শুরু হয়?
ক. শৈশবে
খ. কৈশোরে
গ. বয়স্কদের মাঝে
ঘ. প্রাপ্ত বয়স্ক হলে
উত্তর: ক. শৈশবে

৭২। কম্পিউটার কোন কাজের জন্য ব্যবহার করা হয়?
ক. গেমস খেলার জন্য
খ. বিনোদনে
গ. ইন্টারনেট ব্যবহারে
ঘ. বহুমুখী কাজে
উত্তর: ঘ. বহুমুখী কাজে

৭৩। বিভিন্ন ধরনের ভাইরাস হতে পারে-
i. Stone
ii. File
iii. Folder
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii

গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

৭৪। কম্পিউটার ভাইরাস সংক্রমিত হতে পারে-
i. সিডির মাধ্যমে
ii. পেনড্রাইভের মাধ্যমে
iii. এস এম এস-এর মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৭৫। বর্তমানে সামাজিক যোগাযোগ হয় কিসের মাধ্যমে?
ক. সামনা-সামনি
খ. অনলাইনে
গ. কম্পিউটারে
ঘ. মোবাইলে
উত্তর: খ. অনলাইনে

৭৬। কোনটি সামাজিক যোগাযোগ নেটওয়ার্ক সাইট?
ক. গুগলপ্লাস
খ. টুইটার
গ. ইনস্টাগ্রাম
ঘ. সবগুলো
উত্তর: ঘ. সবগুলো

৭৭। সামাজিক নেটওয়ার্ক ব্যবহারের উদ্দেশ্য কী?
ক. ই-মেইল করা
খ. ইন্টারনেট ব্যবহার করা
গ. যোগাযোগ
ঘ. খেলাধুলা করা
উত্তর: গ. যোগাযোগ

৭৮। সামাজিক নেটওয়ার্ক এর জনপ্রিয়তার কারণ কী?
ক. যোগাযোগ করা

খ. ভাব বিনিময় করা
গ. ছবি আপলোড করা
ঘ. নিজেকে প্রকাশ করার সুযোগ পাওয়া
উত্তর: ঘ. নিজেকে প্রকাশ করার সুযোগ পাওয়া

৭৯। সামাজিক নেটওয়ার্কে কোন বিষয়টি শেয়ার করা যায়?
ক. ছবি
খ. ব্যক্তিগত তথ্য
গ. মনের ভাব
ঘ. সবগুলো
উত্তর: ঘ. সবগুলো

৮০। সামাজিক নেটওয়ার্ক তৈরির উদ্দেশ্য কী?
ক. সামাজিক যোগাযোগ
খ. নেটওয়ার্ক তৈরি
গ. ইন্টারনেটের ব্যবহার
ঘ. নতুন বন্ধু তৈরি
উত্তর: ক. সামাজিক যোগাযোগ

৮১। কম্পিউটার গেমসে আসক্ত ব্যক্তির সুনির্দিষ্ট লক্ষণ কোনটি?
ক. লেখাপড়া না করা
খ. সময়ের অবচয় করা
গ. দৈনন্দিন জীবনের কাজকর্মে ব্যাঘাত ঘটা
ঘ. খাওয়া-দাওয়া না করা
উত্তর: গ. দৈনন্দিন জীবনের কাজকর্মে ব্যাঘাত ঘটা

৮২। কম্পিউটার গেমস ছাড়তে হবে কীভাবে?
ক. ধীরে ধীরে
খ. একবারে
গ. দ্রুত
ঘ. ছাড়ার প্রয়োজন নেই
উত্তর: ক. ধীরে ধীরে

৮৩। সামাজিক নেটওয়ার্কে আসক্তি কমাতে অপ্রয়োজনীয় মানুষদের সংখ্যা🎗
ক. বাড়াতে হবে
খ. বাছাই করতে হবে
গ. কমিয়ে আনতে হবে
ঘ. বাতিল করতে হবে

উত্তর: গ. কমিয়ে আনতে হবে

৮৪। কপিরাইট আইনের লক্ষ্য কী?
ক. সৃজনশীল কর্মীদের সৃজনকর্মকে রক্ষার অধিকার প্রদান করা
খ. সঠিক অর্থ প্রদান করা
গ. পাইরেসি রোধ করা
ঘ. উৎসাহিত করা
উত্তর: ক. সৃজনশীল কর্মীদের সৃজনকর্মকে রক্ষার অধিকার প্রদান করা

৮৫। পাইরেসি করা যায়-
i. হার্ডওয়্যারের
ii. গ্রন্থের
iii. সফটওয়্যারের
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৮৬। প্রোগ্রাম সফটওয়্যারটি কম্পিউটারের যা যা ক্ষতি করতে পারে-
i. ডেটা নষ্ট করতে পারে
ii. মেমোরি মুছে দিতে পারে
iii. ফাইল মুছে দিতে পারে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

৮৭। কপিরাইট আইনের আওতায় একজন কপিরাইট হোল্ডার কোন সুবিধাটি পায়?
ক. সৃষ্টিকর্মের একচ্ছত্র অধিকার
খ. মূল্য পাবার অধিকার
গ. পরিমার্জনা করার অধিকার
ঘ. কপি করার অধিকার
উত্তর: ক. সৃষ্টিকর্মের একচ্ছত্র অধিকার

৮৮। BSA এর পূর্ণরূপ কোনটি?
ক. Business Software Aliance
খ. Business Software Assistance
গ. Business Softonic Aliance
ঘ. Business Software Agreement
উত্তর: ক. Business Software Aliance

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ২টি প্রশ্নের উত্তর দাও :
মালিহা ও অহনার দুজনের পরিচয় ফেসবুকে। তারা এই মাধ্যমটি ব্যবহার করেই একে অপরের বন্ধু হয়েছে। তারা দুজনে খুব ভাল বন্ধু।

৮৯। মালিহা ও অহনার পরিচয় কোথায় হয়েছে?
ক. রাস্তায়
খ. ইন্টারনেটে
গ. সামাজিক অনুষ্ঠানে
ঘ. সামাজিক অনলাইন নেটওয়ার্কে
উত্তর: ঘ. সামাজিক অনলাইন নেটওয়ার্কে

৯০। মালিহা ও অহনা যে মাধ্যমটি ব্যবহার করেছে তার দুটি সুফল হলো-
i. এর মাধ্যমে ভাব বিনিময় করা যায়
ii. স্বাধীনভাবে মত প্রকাশ করা যায়
iii. সবাইকে বিশ্বাস করা যায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৯১। বিশ্বের বড় বড় কো¤পানিগুলো পাইরেসি নজরদারি করার জন্য যে সংস্থাটি তৈরি করেছে তার নাম কী?
ক. BCS
খ. BSA
গ. BAS
ঘ. BIMSTEC
উত্তর: খ. BSA

৯২। পার্সোনাল কম্পিউটার ব্যবহারকারীদের প্রতি দশজনের মধ্যে কয়জন পাইরেসি মুক্ত?

ক. ৫ জন
খ. ৭ জন
গ. ৮ জন
ঘ. ৯ জন
উত্তর: খ. ৭ জন

৯৩। সফটওয়্যার পাইরেসি করা-
ক. অপরাধ
খ. আইনের আওতামুক্ত
গ. আসক্তি
ঘ. হ্যাকিং
উত্তর: ক. অপরাধ

৯৪। বাংলাদেশে সফটওয়্যার পাইরেসি-
ক. নিষিদ্ধ
খ. নিষিদ্ধ নয়
গ. আংশিকভাবে নিষিদ্ধ
ঘ. ক্ষেত্র বিশেষে নিষিদ্ধ
উত্তর: ক. নিষিদ্ধ

৯৫। সৃজনশীল কর্মের স্রষ্টাকে তার সৃষ্টকর্মের উপর স্বত্বাধিকার দেয় কে?
ক. রাষ্ট্র
খ. নিয়মনীতি
গ. কপিরাইট আইন
ঘ তথ্য অধিকার আইন
উত্তর: গ. কপিরাইট আইন

৯৬। সৃজনশীল কর্মের স্রষ্টাকে তার কর্মের বিনিয়োগের সুফল ভোগ করার অধিকার দিয়েছে কে?
ক. কপিরাইট
খ. কপিরাইট আইন
গ. তথ্য অধিকার আইন
ঘ. মানবাধিকার সংস্থা
উত্তর: খ. কপিরাইট আইন

৯৭। কপিরাইট হোল্ডারদের প্রাপ্ত আইনগত অধিকার কে সংরক্ষণ করে?
ক. সামাজিক আইন
খ. সাধারণ আইন

গ. পরিবেশ আইন
ঘ. কপিরাইট আইন
উত্তর: ঘ. কপিরাইট আইন

৯৮। কপিরাইট আইনের লক্ষ্য হলো-
i. সৃষ্টিকর্মকে সংরক্ষণ করার অধিকার প্রদান
ii. নতুন নতুন উদ্যোক্তা তৈরি
iii. সৃষ্টিশীল কর্মীদের বিনিয়োগের সুফল প্রদান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

৯৯। মেধার মূল্যকে স্বীকৃতি প্রদান করে কে?
ক. প্রোগ্রামাররা
খ. কপিরাইট হোল্ডার
গ. কপিরাইট আইন
ঘ. উদ্যোক্তারা
উত্তর: গ. কপিরাইট আইন

১০০। কপিরাইট আইন যেভাবে কপিরাইট হোল্ডারদের সুবিধা প্রদান করে-
i. নিরাপত্তা প্রদানের মাধ্যমে
ii. সৃষ্টিকর্মের অধিকার সংরক্ষণের মাধ্যমে
iii. ভাইরাস থেকে রক্ষা করে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১০১। জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্তে তৈরিকৃত বিধান কোনটি?
ক. তথ্য আইন
খ. তথ্য অধিকার আইন
গ. কপিরাইট আইন
ঘ. হ্যাকার আইন

উত্তর: খ. তথ্য অধিকার আইন

১০২। কত সালে বাংলাদেশে তথ্য অধিকার আইন চালু হয়েছে?
ক. ২০০৭
খ. ২০০৯
গ. ২০১১
ঘ. ২০১২
উত্তর: খ. ২০০৯

১০৩। কোনটি জনগণের অধিকার?
ক. জবাবদিহিতা
খ. তথ্য
গ. বাক স্বাধীনতা
ঘ. উপরের সবগুলো
উত্তর: ঘ. উপরের সবগুলো

১০৪। তথ্য অধিকার আইনের কত ধারায় আইনের আওতামুক্ত বিষয়গুলো নির্ধারণ করা হয়েছে?
ক. সপ্তম
খ. অষ্টম
গ. নবম
ঘ. দশম
উত্তর: ক. সপ্তম

১০৫। ৭ম ধারায় কয়টি বিষয়কে আইনের আওতায় আনা হয়েছে?
ক. ১৫
খ. ২০
গ. ২১
ঘ. ২৫
উত্তর: খ. ২০

১০৬। তথ্য অধিকার আইন নিশ্চিত করে-
i. কপিরাইট অধিকার প্রদান
ii. তথ্য অধিকার সংরক্ষণ
iii. জনগণের তথ্য প্রাপ্তির অধিকার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii

গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ২টি প্রশ্নের উত্তর দাও :
মি. হাসান গত ঈদে একটি গানের ক্যাসেট বের করেছে। কিন্তু সে দেখতে পেল তার ক্যাসেটের গানগুলো কে বা কারা তার অনুমতি ব্যতীত ইন্টারনেটে ছেড়ে দিয়েছে। এতে সে আর্থিকভাবে অনেক ক্ষতিগ্রস্থ হলো।

১০৭। মি. হাসান কোন অপরাধের স্বীকার?
ক. পাইরেসি
খ. ডাকাতি
গ. চুরি
ঘ. কপিরাইট
উত্তর: ক. পাইরেসি

১০৮। মি. হাসান এর কারণে যে সমস্যার সম্মুখীন হবে-
i. বিনিয়োগের সুফল পাবে না
ii. আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে
iii. নতুন করে ক্যাসেট তৈরি করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১০৯। বুদ্ধিবৃত্তিক সম্পদ হলো-
ক. Intellectual Property Right
খ. Property Intellectual Right
গ. Right Intellectual Property
ঘ. Intellectual Right Property
উত্তর: ক. Intellectual Property Right

১১০। ট্রাবলশুটিং হচ্ছে-
ক. সমস্যার উৎস নির্ণয়ের প্রক্রিয়া
খ. সমস্যার নির্ণয়ের প্রক্রিয়া
গ. উৎস নির্ণয় প্রক্রিয়া

ঘ. সমস্যার সমাপ্তি নির্ণয়
উত্তর: ক. সমস্যার উৎস নির্ণয়ের প্রক্রিয়া

১১১। ট্রাবলশুটিং-
i. সমস্যার উৎস নির্ণয়ের প্রক্রিয়া
ii. হার্ডওয়্যার সম্পর্কিত সমস্যার উৎস নির্ণয় ও সমাধান
iii. সফটওয়্যারের সমস্যা নির্ণয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১১২। ট্রাবলশুটিং অংশে থাকে-
i. সাধারণ সমস্যার প্রকৃতি
ii. সফটওয়্যারের সমস্যা নির্ণয়
iii. সমস্যার উৎস নির্ণয় ও সমাধান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

১১৩। কোন অংশে আইসিটি যন্ত্রের সাধারণ সমস্যার প্রকৃতি ও সমাধান দেওয়া থাকে?
ক. ইন্টারনেটে
খ. বইয়ে
গ. তথ্য প্রযুক্তি অধ্যায়ে
ঘ. ট্রাবলশুটিং
উত্তর: ঘ. ট্রাবলশুটিং

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ২টি প্রশ্নের উত্তর দাও :
মাঝে মধ্যেই কম্পিউটারে কাজ করতে করতে হঠাৎ মেহেদী খেয়াল করল সিস্টেমটি সঠিকভাবে চলছে কিন্তু মনিটরে কিছু দেখা যাচ্ছে না।
১১৪। কি কারণে মেহেদীর কম্পিউটারে সমস্যা হয়েছিল?
ক. প্রসেসরে সমস্যা
খ. র‍্যাম এ সমস্যা

গ. রম এর সমস্যা
ঘ. সিপিইউ এর সমস্যা
উত্তর: খ. র‍্যাম এ সমস্যা

১১৫। এ সমস্যা সমাধানে মেহেদীকে করতে হবে-
i. সিপিইউ প্রতিস্থাপন
ii. র‍্যাম প্রতিস্থাপন
iii. র‍্যাম এর কানেক্টরে পরিষ্কার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

১১৬। কোন ধরনের যন্ত্রের তুলনামূলক ট্রাবলশুটিং একটু বেশি প্রয়োজন হয়?
ক. কম্পিউটার
খ. টিভি
গ. মোবাইল
ঘ. গাড়ি
উত্তর: ক. কম্পিউটার

১১৭। র‍্যাম কম্পিউটারের কোথায় বসানো থাকে?
ক. মাদারবোর্ডের নির্ধারিত স্লটে
খ. হার্ডডিস্কে
গ. পেন ড্রাইভের সাথে
ঘ. সিডি ড্রাইভে
উত্তর: ক. মাদারবোর্ডের নির্ধারিত স্লটে

১১৮। মাদারবোর্ডে সংযুক্ত সিমোস ব্যাটারি কার্যক্ষমতা হারালে যা ঘটে-
i. কম্পিউটারের মনিটর কাজ করবে না
ii. কম্পিউটারের তারিখ এবং সময় ঠিক থাকে না
iii. বায়োসের কোনো অপশন পরিবর্তন করলে তা সংরক্ষণ হয় না
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

উত্তর: গ. ii ও iii

১১৯। বুট ডিস্ক ফেইলর দেখানোর কারণ ৷

i. র‍্যাম এ সমস্যা হলে

ii. হার্ড ডিস্ক ড্রাইভ ডিটেক্ট করা না গেলে

iii. জাম্পার সেটিং সঠিকভাবে না হলে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

উত্তর: গ. ii ও iii

১২০। ৫০% ক্ষেত্রে মনিটরে ডিসপ্লে না হওয়ার কারণ-

ক. র‍্যাম এর সমস্যা

খ. এজিপি কার্ডের সমস্যা

গ. সিপিইউ এর সমস্যা

ঘ. পাওয়ার বাটনের সমস্যা

উত্তর: ক. র‍্যাম এর সমস্যা

১২১। কম্পিউটার ঘনঘন Restart হয়ে যায় কী কারণে?

ক. র‍্যাম এর সমস্যার কারণে

খ. সিপিইউ এর উপর সংযুক্ত কুলিং ফ্যানটি না ঘুরলে

গ. সিমোস ব্যাটারি না থাকার কারণে

ঘ. কেসিংয়ে এ সমস্যা হলে

উত্তর: খ. সিপিইউ এর উপর সংযুক্ত কুলিং ফ্যানটি না ঘুরলে

১২২। মাউস কাজ না করার কারণ-

ক. কীবোর্ড কাজ না করা

খ. কম্পিউটারে অতিরিক্ত প্রোগ্রাম লোড করা

গ. মেমোরির জায়গা কমে যাওয়া

ঘ. বায়োসে মাউস ডিজেবল থাকা

উত্তর: ঘ. বায়োসে মাউস ডিজেবল থাকা

১২৩। কীবোর্ড এবং মাউস কাজ করছে না কারণ-

i. পোর্ট কাজ করছে না

ii. বায়োসে ডিজেবল করা আছে

iii. মনিটরে পাওয়ার নেই

নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ২টি প্রশ্নের উত্তর দাও :
আজাদ এর কম্পিউটারটি কোনোরূপ উত্তপ্ত হওয়া ছাড়াই কয়েক মিনিট পর পর শাট ডাউন হচ্ছে। এতে সে বড়ই চিন্তার মধ্যে আছে।
১২৪। আজাদ এর কম্পিউটারের এ ধরনের সমস্যা হওয়ার কারণ-
ক. মনিটর নষ্ট
খ. ত্রুটিপূর্ণ ক্যাপাসিটর
গ. র‍্যাম এর সমস্যা
ঘ. সিপিইউ গরম হয়ে যাওয়া
উত্তর: খ. ত্রুটিপূর্ণ ক্যাপাসিটর

১২৫। সমস্যাটির কারণ বের করতে মাহমুদ যা করবে-
i. মাদার বোর্ড চেক করবে
ii. অতিরিক্ত তাপ উৎপাদন করছে কি-না
iii. কীবোর্ড ও মাউস চেক করবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১২৬। ক্যাপাসিটর কম্পিউটারের কোথায় থাকে?
ক. মাদারবোর্ডে
খ. মনিটরে
গ. মডেমে
ঘ. র‍্যাম স্লটে
উত্তর: ক. মাদারবোর্ডে

১২৭। কম্পিউটারের প্রসেসর কোথায় থাকে?
ক. র‍্যামে
খ. মাদারবোর্ডে

গ. রমে
ঘ. হার্ডডিস্কে
উত্তর: খ. মাদারবোর্ডে

১২৮। সিমোস ব্যাটারি কম্পিউটারের কোথায় থাকে?
ক. র্যামে
খ. প্রসেসরে
গ. মাদারবোর্ডে
ঘ. CPU সিপিইউতে
উত্তর: গ. মাদারবোর্ডে

১২৯। CMOS এর পূর্ণরূপ-
ক. Complementary Metal-oxide Semiconductor
খ. Common Metal-oxide Semiconductor
গ. Complete Metal-oxide Semiconductor
ঘ. Complementary Metal-organic Semiconductor
উত্তর: ক. Complementary Metal-oxide Semiconductor

১৩০। কম্পিউটার out of memory দেখায় যখন-
i. মেমোরি পর্যাপ্ত থাকে
ii. অতিরিক্ত প্রোগ্রাম ইনস্টল করতে গেলে
iii. একসাথে একাধিক প্রোগ্রাম ওপেন করে কাজ করতে চাইলে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

****